ঢাকা ওয়াসা

০১। অত্র বিভাগের ২০২৪-২৫ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের কপি।
০২। কোটেশন।
০৩। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয় : এফ. এম. বিভাগ -১ এর দাপ্তরিক কাজে ব্যবহৃত বিভিন্ন প্রিন্টার সমূহ সার্ভিসিং ও মেরামত কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

০১। ক্র: নং ১ হতে ৩ সদয় দেখা যেতে পারে। অত্র বিভাগের আওতাধীন বর্তমানে ৬২০ টিরও অধিক গভীর নলকূপ চালু আছে। প্রতিদিনই প্রায় ৩/৪ টি পাম্প মোটর ব্রেক-ডাউন, পাম্প পরিবর্তন, লিকেজ মেরামত এবং আই, ডব্লিউ, এস প্রকল্প কর্তৃক নির্মিতব্য কূপে প্রয়োজনীয় মালামাল সরবরাহ করে কলাম পাইপ দ্বারা সাব-পাম্প সেট স্থাপন করা হয়ে থাকে যা অত্র বিভাগের দৈনন্দিন রক্ষনাবেক্ষন কাজের আওতাভুক্ত। অত্র অফিসের মেরামত রক্ষণাবেক্ষণ কাজের বিভিন্ন ধরণের প্রাক্কলন তৈরি, কাজের রেকর্ড সংরক্ষণ সংক্রান্ত নথি সার্বক্ষণিক পাম্প-মোটরের হিসাব, কূপ হতে উঠে আসা পাম্প-মোটর, ঠিকাদারের মেরামতকৃত পাম্প, ট্রান্সফরমার, এলটি প্যানেল, কলাম পাইপ, ভিএফডি প্রভৃতি মেরামত-রক্ষণাবেক্ষণ কাজের পরিধি বৃদ্ধি পাচ্ছে। যার কারণে প্রতিদিনই বিভিন্ন ধরনের ডকুমেন্ট/পেপার এর জন্য প্রিন্টার মেশিনের প্রয়োজন হয়। এছাড়াও ফিল্ড স্টাফদের খাবার বিল, ওভারটাইম ও অন্যান্য দাপ্তরিক কাজ সহ প্রাত্যহিক বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজের প্রয়োজনে প্রিন্টার মেশিন ব্যবহার হয়। প্রিন্টার মেশিন দীর্ঘ দিনের পুরানো হওয়ায় প্রায়শঃ দাপ্তরিক কাজের মারাত্মক ব্যাঘাত সৃষ্টি হয়। এতদ্বলক্ষ্যে, আলোচ্য দাপ্তরিক কাজে প্রিন্টার সমূহ সার্ভিসিং ও মেরামত করার লক্ষ্যে বর্ণিত কাজে অভিক্ষ ৩(তিন) টি ভিন্ন ভিন্ন প্রতিষ্ঠানের নিকট থেকে কোটেশন সংগ্রহ করা হয়েছে। সংগৃহীত কোটেশনের সর্বনিম্ন দরদাতা কর্তৃক দর অনুসরন করে একটি প্রাক্কলন তৈরি করা হলো। প্রস্তুতকৃত প্রাক্কলনে আলোচ্য কাজের মোট ব্যয়ভার দাড়িয়েছে ২৪,৬৫০/-(চব্বিশ হাজার ছয়শত পঞ্চাশ) টাকা মাত্র। আলোচ্য কাজটির ব্যয়ভার অত্র বিভাগের ২০২৪-২০২৫ ইং অর্থ বৎসরের বরাদ্দকৃত বাজেটের "মুদ্রন ও মনোহারী খাত" হতে নির্বাহ করা যেতে পারে। যার অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

০২। এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে এফ. এম. বিভাগ-১ এর দাপ্তরিক কাজে ব্যবহৃত বিভিন্ন প্রিন্টার সমূহ সার্ভিসিং ও মেরামত কাজে উপস্থাপিত সর্বমোট= ২৪,৬৫০/-(চব্বিশ হাজার ছয়শত পঞ্চাশ) টাকা মাত্র প্রাক্কলনটির পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং বিধিমালা ২০০৮ এর বিধি-৮১(১) ধারা মোতাবেক সরাসরি নগদ ক্রয় হিসাবে কার্য সম্পাদনের জন্য সদয় অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য যে, কাজটি সম্পাদনের পর আলোচ্য কাজের জন্য আনীত টাকা পরবর্তীতে বিল ভাউচারের মাধ্যমে সমন্বয়ের ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩/০৩/২৫
মোঃ মুছাব্বেরুল আলম
উপ-সহকারী প্রকৌশলী
এফ.এম.বিভাগ-১, ঢাকা ওয়াসা।

AE
3-3-25
মোঃ ফটিক চাঁদ মিয়া
সহকারী প্রকৌশলী
এফ.এম.বিভাগ-১, ঢাকা ওয়াসা।

EE
03/03/2025
মোঃ নওশাদ আলম
নির্বাহী প্রকৌশলী
এফ.এম.বিভাগ-১, ঢাকা ওয়াসা।

SE RPE&M

5.3.2025
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর.পি.ই এন্ড এম সার্কেল
ঢাকা ওয়াসা।

CE

Approved
06/03
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

S.E RPE&M Circle

EE/FM-1

9.3
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর.পি.ই এন্ড এম সার্কেল
ঢাকা ওয়াসা।

প্রাপ্ত, এফএম বিভাগ-১
০৩/০৩/২০২৫
নং ৭০/RPE&M
তাং ০৩/০৩/২৫

৭৭০/প্রধান প্রকৌ:
০৬/০৩/২৫
নং ৭৭/RPE&M,CIR
তাং ০৯/০৩/২৫